



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
জেলা ম্যাজিস্ট্রেসি পরিবীক্ষণ শাখা  
www.cabinet.gov.bd



স্মারক নম্বর: ০৮.০০.০০০০.৫২২.২৭.০০১.২০.৮৭

তারিখ: ২২ আশ্বিন ১৪২৭

০৭ অক্টোবর ২০২০

বিষয়: নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কল্পে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে কমিটির কার্যক্রম আরো জোরদার করত: সামাজিক আন্দোলন গড়ে তোলা প্রসংগে।

সূত্র: (১) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নম্বর:

৩২.০০.০০০০.০৩৭.০৬(১১).০১৪.১৬.২৯৪ তারিখ: ১৬.১১.২০১৬।

(২) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নম্বর:

৩২.০০.০০০০.০৩৭.০৬(১১).০১৪.১৬.২৯৫ তারিখ: ১৬.১১.২০১৬।

(৩) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০৩৭.০৬.০২০.১৫.৬৫৭

তারিখ: ১১.০৫.২০১৫।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সম্প্রতি দেশের বিভিন্ন স্থানে নারী ও শিশু নির্যাতনের ঘটনা আশংকাজনকভাবে বৃদ্ধি পেয়েছে। এই সমস্ত অপরাধের সাথে সম্পৃক্ত ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা সত্ত্বেও অপরাধের মাত্রা কাঞ্চিতমাত্রায় কমছে না।

০২। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধকল্পে সরকার দৃঢ় প্রতিজ্ঞ। নারী ও শিশু নির্যাতনের বিচারের জন্য বিশেষ ট্রাইব্যুনাল বহু আগে থেকেই কার্যকর আছে। অপরাধের বিচারের পাশাপাশি নারী ও শিশু নির্যাতন প্রতিরোধকল্পে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি ও দীর্ঘদিন হতে কার্যকর আছে। বর্তমান উল্লিখিত প্রেক্ষিত বিবেচনায় এই তিনি কমিটি কার্যক্রম আরও জোরদার করা প্রয়োজন।

০৩। আন্তর্জাতিক ও জাতীয় প্রেক্ষিত বিবেচনায় নারী ও শিশু নির্যাতন শূণ্যের কোঠায় নামিয়ে আনার লক্ষ্যে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি আরো উদ্যোগী ও কার্যকর ভূমিকা পালন করবে মর্মে সরকার ও জনগণ প্রত্যাশা করে।

০৪। এমতাবস্থায়, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সূত্রস্থ স্মারকত্বে গঠিত জেলা, উপজেলা ও ইউনিয়ন কমিটির কার্যক্রম আরো জোরদারপূর্বক তা সামাজিক আন্দোলনে পরিণত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

*বিলাহী*  
৭-১০-২০২০  
তোহিদ ইলাহী  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৮৭১২৪৩৬২

বিতরণ :

১) জেলা প্রশাসক (সকল)

২) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩


ইমেইল: cjme\_sec@cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.৫২২.২৭.০০১.২০.৮৭/১(১৩)

তারিখ: ২২ আশ্বিন ১৪২৭  
০৭ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও
- ২) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ
- ৩) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ
- ৪) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৫) বিভাগীয় কমিশনার (সকল)
- ৬) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ।

  
৭-১০-২০২০  
তোহিদ ইলাহী  
সিনিয়র সহকারী সচিব